

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, মোমেনশাহী  
মোমেনশাহী সেনানিবাস, ময়মনসিংহ  
নিয়োগ বিজ্ঞপ্তি

অত্র প্রতিষ্ঠানের প্রচলিত বিধি অনুযায়ী নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১। সহকারি শিক্ষক-০২ জন (ইংরেজি ও গণিত): স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতকসহ ন্যূনতম ২য় শ্রেণির বিএড ডিগ্রী, অথবা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান)সহ ন্যূনতম ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী, অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.৫০ এর নীচে গ্রহণযোগ্য নয়। প্রতিষ্ঠানের বিধি মোতাবেক বিএড ডিগ্রীধারীদের ক্ষেত্রে ১০ম এবং বিএড প্রশিক্ষণ বিহীনদের ক্ষেত্রে ১১তম গ্রেডে বেতন ভাতা প্রদান করা হবে।

২। সহকারি শিক্ষক-০১ জন (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) : স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা স্নাতক ডিগ্রীসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ডিপ্লোমা। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ ২.৫০ এর নীচে গ্রহণযোগ্য নয়। প্রতিষ্ঠানের বিধি মোতাবেক ১০তম গ্রেডে বেতন ভাতা প্রদান করা হবে।

৩। কম্পিউটার ল্যাব এটেনডেন্ট-০১ জন : বিজ্ঞান বিভাগে এসএসসি ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ ২.৫০। কম্পিউটার বিষয়ে দক্ষতা ও রক্ষনাবেক্ষণে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রতিষ্ঠানের বিধি মোতাবেক ১৯তম গ্রেডে বেতন ভাতা প্রদান করা হবে।

৪। চাকুরী পারদর্শিতা সন্তোষজনক হওয়া সাপেক্ষে নিয়মিতকরণসহ প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে। অধ্যক্ষের অনুকূলে ১ ও ২নং পদের জন্য ৫০০/- (পাঁচশত টাকা) ও ৩নং পদের জন্য ৩০০/- (তিনশত টাকা) ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য), পূর্ণ জীবনবৃত্তান্ত (মোবাইল ফোন নং সহ) সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ দরখাস্ত অধ্যক্ষ বরাবর আগামী ২৫ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

লিখিত পরীক্ষার তারিখ : ২৯ জানুয়ারি ২০১৮, বেলা ০২.০০টা।

অধ্যক্ষ